তারিখ 10 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি হল অ্যাথলেটিক্স শুরু আজ

সংবাদ স্পোর্টস ডেস্ক

আজ কেন্দ্রীয় খেলার মাঠে ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের মধ্য দিয়ে শুরু হতে যাচ্ছে বিশ্ববিদ্যালয়ের হল বার্ষিক অ্যাথলেটিক্স প্রতিযোগিতা। চলবে ২৮ জানুয়ারি পর্যন্ত। প্রতিযোগিতার সূচি : আগামী ১১ জানুয়ারি স্যার এ এফ রহমান হল (কেন্দ্রীয় খেলার মাঠ), ১২ জানুয়ারি বিজয় একাত্তর হল (ওই), ১৩ জানুয়ারি মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল (ওই), ১৪ জানুয়ারি কবি সুফিয়া কামাল হল (ওই), ১৫ জানুয়ারি ফজলুল হক মুসলিম হল বাংলাদেশ কুয়েত মৈত্রী হল (ঐ), ১৬ জানুয়ারি শামসুন নাহার (ওই), ১৭ জানুয়ারি শহীদুল্লাহ হল (ওই), ১৮ জানুয়ারি কবি জসীম উদ্দীন হল (ওই), ২০ হল (জগন্নাথ হল মাঠ), ১৯ জানুয়ারি সূর্যসেন হল জানুয়ারি শহীদ সার্জেন্ট জহুরুল হক হল (ওই), ২১ জানুয়ারি (ওই), ২৩ জানুয়ারি হাজী মুহম্মদ মুহসীন হল (ওই), ২৪ জানুয়ারি রোকেয়া হল (ওই), ২৫ জানুয়ারি সলিমুল্লাহ মুসলিম হল (ওই), ২৬ জানুয়ারি অমর একুশে হল (ওই), ২৭ জানুয়ারি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল (ওই) এবং ২৮ জানুয়ারি জগন্নাথ হলের খেলা নিজ মাঠে অনুষ্ঠিত হবে। প্রতিটি খেলার উদ্বোধন হবে সকাল ৯টায় এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে দুপুর ১টায়। বাসস/ওয়েবসাইট।